আজকের কাগজ ২০
তারিখ 12 MAR 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

# সিলেট এমসি কলেজে মাস্টার্সে আসন সংখ্যা বৃদ্ধির দাবিতে অধ্যক্ষের কাছে স্মারকলিপি প্রদান

সিলেট এমসি কলেজে বিভিন্ন বিষয়ে মাস্টার্সে আসন সংখ্যা বৃদ্ধির দাবিতে গত ১৪ ফেব্রুয়ারি কলেজ অধ্যক্ষের কাছে একটি স্মারকলিপি প্রদান করা হয়েছে। এমসি কলেজ ছাত্র সংসদ ও মাস্টার্স কোর্স বাস্তবায়ন পরিষদের নেতারা যৌথভাবে এ স্মারকলিপি প্রদান করেন। স্মারকলিপিতে মাস্টার্স কোর্সে কলা অনুষদের বিষয়গুলোতে আসন সংখ্যা ৩০ থেকে ৬০টি এবং বিজ্ঞান অনুষদে ২০ থেকে ৪০টিতে উন্নীত করার দাবিসহ ইসলামের ইতিহাস, সমাজ বিজ্ঞান ও প্রাণিবিদ্যা বিষয়ে অবিলম্বে এই কোর্স চালু করার জোর দাবি জানানো হয়। এছাড়া কলেজ ক্যাম্পাস ও ছাত্রবাস উন্নয়নে বরাদ্দকৃত ৬৪ লাখ টাকার গড়মিলের বিষয় স্মারকলিপিতে উল্লেখ করে এই টাকার উন্নয়ন কাজ শুরু করার জন্যে কর্তৃপক্ষের কাছে দাবি জানানো হয়। যাতায়াতে ছাত্রছাত্রীদের দুর্ভোগের দিক ইঙ্গিত করে অবিলম্বে বাস ক্রয়ের কথাও স্মারকলিপিতে উল্লেখ করা হয়।

স্মারকলিপি প্রদানকালে উপস্থিত ছিলেন- কলেজ ছাত্র সংসদের ভিপি আসাদুজ্জামান পাপ্পু, জিএস ওমর আশরাফ ইমন, সাবেক ভিপি ওয়াহিদুজ্জামান, ছাত্রনেতা পারভেজ আহমদ, প্রদ্যুত রায়, মতিউর রহমান চৌধুরী রাব্বী, আলতাফ উদ্দিন জুয়েল, জাকির হোসেন কামরান, হাবিবুর রহমান দিনার, বাবর জাহাঙ্গীর সাউদুল, লিটন, রাজীব, সাহেদ প্রমুখ। সিলেট থেকে কামকামুর রাজ্জাক রুনু।